

Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 26 April, 2025

কাশ্মীরে হামলার পর ভারত ও পাকিস্তানের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। এরই মধ্যে দেশ দুইটি একে অপরের ওপর কঠোর বিধিনিষেধ আরোপ করেছে। থেমে নেই কথার লড়াইও। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পর এবার এসব বিষয়ে স্পষ্টভাবে বার্তা দিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফও।

শনিবার (২৬ এপ্রিল) শাহবাজ বলেন, পাকিস্তান শান্তির পক্ষে, কিন্তু এমন ইচ্ছাকে দুর্বলতা মনে করে ভুল করা উচিত নয়।

তিনি অঙ্গীকার করে বলেন, আত্মরক্ষা ও নিরাপত্তার ক্ষেত্রে কোনো ছাড় দেওয়া হবে না। তাতে পরিস্থিতি যে রকমই হোক না কেন।

সিন্ধু পানি চুক্তির অধীনে পাকিস্তানের পানির ভাগ বন্ধ বা ভিন্ন দিকে সরানোর যে কোনো পদক্ষেপের বিরুদ্ধে শাহবাজ শরিফ কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন। পানিকে অত্যাবশ্যিক জাতীয় স্বার্থ বলেও অভিহিত করেন তিনি।

তিনি স্পষ্ট করে বলেন, যে কোনো হস্তক্ষেপ পূর্ণ শক্তির সঙ্গে মোকাবিলা করা হবে। এক্ষেত্রে পাকিস্তানের দৃঢ় সংকল্প সম্পর্কে কারও কোনো ভ্রান্ত ধারণা পোষণ করা উচিত নয়।

এর আগে পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) চেয়ারম্যান বিলওয়াল ভুট্টো-জারদারি বলেন, পিপিপি যেমন ঐকমত্য ছাড়া বিতর্কিত খাল প্রকল্পের অনুমতি দেয়নি, তেমনি পাকিস্তানিরা ঐক্যবদ্ধ থাকবে এবং সিন্ধু নদীতে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগ্রাসনের তীব্র জবাব

দেবে।

সিন্ধু পানি চুক্তি (আইডব্লিউটি) স্বিগিত করার বিষয়ে ভারতের একতরফা সিদ্ধান্তের নিন্দা জানিয়ে তিনি নয়াদিল্লিকে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, সিন্ধু আমাদের এবং আমাদেরই থাকবে। সিন্ধুতে হয় আমাদের পানি প্রবাহিত হবে, নয়তো তাদের (ভারত) রক্ত।

পাকিস্তান কাশ্মীর ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:50

URL: <https://www.timestodaybd.com/international/6313111477>